

ভোক্তা অধিকার সচেতনতা

নয়াদিব্লি, ১২ এপ্রিল, ২০১৭

কেন্দ্রীয় সরকার মুদ্রণ, বৈদ্যুতিন ও বহির্বিভাগীয় সংবাদ মাধ্যমের সাহায্যে গ্রামীণ ও শহরাঞ্চলীয় উভয় এলাকায় সারা ভারত জুড়ে “জাগো গ্রাহক জাগো” শীর্ষক মাল্টি-মিডিয়া প্রচার চালিয়ে যাচ্ছে। দেশের গ্রামীণ ও পশ্চাদপদ এলাকাগুলির এই প্রচারকে পৌঁছে দেওয়ার বিষয়টি আরো সুনিশ্চিত করতে সংশ্লিষ্ট রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে স্থানীয় পর্যায়ে তাদের আঞ্চলিক ভাষাসমূহে ভোক্তা সচেতনতা সৃষ্টি করার জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সহায়তা বাবদ মঞ্জুরি দেওয়া হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে ভোক্তা সচেতনতা (প্রচার) তহবিল থেকে বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে যে বরাদ্দ দেওয়া হয়েছে তা নিম্নে ছকের মাধ্যমে দেওয়া হয়েছে। এই দপ্তর এছাড়াও যেখানে বিপুল জনসমাগম হয় সেইসব গ্রামীণ মেলাতেও অংশ নিতে শুরু করেছে।

এছাড়াও রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলিকে গ্রামীণ ও পশ্চাদপদ এলাকাগুলি-সহ সংশ্লিষ্ট রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলে ভোক্তা সচেতনতা / কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য “কর্পাস ফান্ড” গঠন করতে “ভোক্তা কল্যাণ তহবিল” (সি ডব্লিও এফ) থেকে মঞ্জুরি দেওয়া হয়। কর্পাস ফান্ড-এ কেন্দ্র : রাজ্য অংশভাগের অনুপাত হলো ৭৫ : ২৫। বিশেষ শ্রেণীর রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের ক্ষেত্রে এই অনুপাত হলো ৯০ : ১০। এই পর্যন্ত তেরটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল কর্পাস ফান্ড গঠন করেছে। রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের ভিত্তিতে ভোক্তা কল্যাণ তহবিল থেকে বরাদ্দ করার বিস্তারিত তথ্য নিম্নলিখিত ছকে প্রদত্ত হলো।

(কোটি টাকায়)

ক্রমিক সংখ্যা	রাজ্যের নাম	২০১৬-১৭-য় ভোক্তা সচেতনতা তহবিল (প্রচার) থেকে প্রদত্ত তহবিল
১	অরুণাচল প্রদেশ	০.২০
২	গোয়া	০.১৯
৩	হিমাচল প্রদেশ	০.২০
৪	মধ্যপ্রদেশ	০.৫০
৫	মেঘালয়	০.২০
৬	নাগাল্যান্ড	০.২০
৭	তেলেঙ্গানা	০.১৮
৮	পশ্চিমবঙ্গ	০.৫০
	পশ্চিমবঙ্গ (বিশেষ প্রকল্প)	০.৭৫
৯	আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ (কেন্দ্রশাসিত অঞ্চল)	০.১০
১০	লাক্ষাদ্বীপ (কেন্দ্র শাসিত অঞ্চল)	০.১০
	মোট	৩.১২

TRIPURAINFO

(কোটি টাকায়)

ক্রমিক সংখ্যা	রাজ্যের নাম	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলির দ্বারা কর্পাস ফান্ড গঠনের জন্য ভোক্তা কল্যাণ তহবিল থেকে এ পর্যন্ত প্রদত্ত তহবিল
১	গুজরাট	৭.৫০
২	অন্ধ্রপ্রদেশ	৭.৫০
৩	ওরিসা	৭.৫০
৪	পশ্চিমবঙ্গ	৭.৫০
৫	বিহার	৭.৫০
৬	নাগাল্যান্ড	৮.৪০
৭	কর্ণাটক	৭.৫০
৮	তামিলনাড়ু	৭.৫০
৯	মধ্যপ্রদেশ	৭.৫০
১০	কেরালা	৭.৫০
১১	হরিয়ানা	৭.৫০
১২	ঝাড়খন্ড	৪.০০
১৩	তেলেঙ্গানা	২.৭১
	মোট	৯০.১১

মঙ্গলবার লোকসভায় একটি প্রশ্নের প্রেক্ষিতে লিখিত উত্তরে এই তথ্য দিয়েছেন ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন প্রতিমন্ত্রী শ্রী সি আর চৌধুরী ।